

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জাতীয় রাজস্ব বোর্ড
রাজস্ব ভবন, সেগুনবাগিচা, ঢাকা
(বোর্ড প্রশাসন-১)

নথি নং-০৮.০১.০০০০.০০১.১০.০০৬.১৭/ ৮৪৫

তারিখঃ ২১ ফাল্গুন, ১৪২৪
০৫ মার্চ, ২০১৮

বিষয় : জাতীয় রাজস্ব বোর্ড ও এর আওতাধীন সকল দপ্তরে কর্মরত কর্মকর্তাদের সরকারী খরচে বিদেশ ভ্রমণ সংক্রান্ত কমিটি গঠন প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের প্রতি সদয় দৃষ্টি আকর্ষণপূর্বক জানানো যাচ্ছে যে, জাতীয় রাজস্ব বোর্ড ও এর আওতাধীন সকল দপ্তরে কর্মরত কর্মকর্তাদের সরকারী খরচে বিদেশ ভ্রমণ সংক্রান্ত কার্যক্রম কর প্রশাসন/শুল্ক ও ভ্যাট প্রশাসন/অন্যান্য অনুবিভাগের মাধ্যমে জিও জারীর লক্ষ্যে অভ্যন্তরীণ সম্পদ বিভাগে পত্র প্রেরণ করা হয়। এতে বোর্ড প্রশাসন অবগত না হওয়ার ফলে সমন্বয়হীনতা পরিলক্ষিত হচ্ছে এবং বাজেট প্রভিশন, বরাদ্দ ইত্যাদি যাচাই না করেই বিদেশ ভ্রমণে প্রেরণ করা হচ্ছে। তাই কর্মকর্তাদের বিদেশ ভ্রমণ সংক্রান্ত কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পন্ন করার লক্ষ্যে নিম্ন বর্ণিত সদস্যদের নিয়ে অনুমোদনক্রমে বিদেশ ভ্রমণ সংক্রান্ত কমিটি গঠন করা হলো :

ক্রমিক নং	সদস্যদের নাম ও পদবী	
০১.	সদস্য (বোর্ড প্রশাসন)	আহ্বায়ক/সভাপতি
০২.	সদস্য (শুল্ক ও ভ্যাট প্রশাসন)	সদস্য
০৩.	সদস্য (কর প্রশাসন ও মানবসম্পদ ব্যবস্থাপনা)	সদস্য
০৪.	সংশ্লিষ্ট অনুবিভাগের সদস্য (প্রস্তাবিত কর্মকর্তা সংশ্লিষ্ট)	সদস্য

০২। উক্ত কমিটির ToR হিসেবে নিম্নোক্ত কার্যাবলী অন্তর্ভুক্ত করা হলো-


[ক] বৈদেশিক ভ্রমণের ক্ষেত্রে সরকারী খরচের Value for Money নিশ্চিত হচ্ছে কি না পর্যালোচনা করা ;

[খ] প্রস্তাবিত কর্মকর্তাই best canddate কি না তা পর্যালোচনা পূর্বক অন্যান্য Option সমূহও বিবেচনায় রেখে সুপারিশ প্রণয়ন করা ;

[গ] সরকারী খরচে ভ্রমণের ক্ষেত্রে প্রয়োজনীয় বাজেট সংস্থান আছে কি না পর্যালোচনা করে সুপারিশে মতামত দেয়া ;

[ঘ] বিদেশ ভ্রমণের সুযোগ এর ন্যায় ভিত্তিক বন্টন নিশ্চিত করে সুপারিশ প্রণয়ন।

০৩। জাতীয় রাজস্ব বোর্ড ও এর আওতাধীন সকল দপ্তরে উক্ত কমিটির সুপারিশ/মতামতের ভিত্তিতে কার্যক্রম সম্পন্ন করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।



(মোঃ রাহেনুল ইসলাম)

প্রথম সচিব (বোর্ড প্রশাসন)

ফোন নং-৮৩৯১৪৮২।

প্রাপক :

১। সদস্য (সকল), জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা।

২। মহাপরিচালক (সকল), ঢাকা।

৩। সিস্টেমস্ ম্যানেজার, জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা।

৪। কমিশনার, শুল্ক ভবন/কমিশনারেট (সকল), জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা।

৫। কর কমিশনার, কর অঞ্চল (সকল)।

৬। পিএস টু চেয়ারম্যান, জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা (চেয়ারম্যান মহোদয়ের সদয় অবগতির জন্য)।

৭। সহকারী প্রোগ্রামার, জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা (তাকে জাতীয় রাজস্ব বোর্ডের ওয়েবসাইটে আপলোড করার জন্য অনুরোধ করা হলো।